



বিআইডব্লিউটিএ

বিশেষ নৌ-সতর্কীকরণ বিজ্ঞপ্তি নং-০২/২০১৮

তারিখঃ ৩১/০৭/২০১৮ ইং।

এতদ্বারা সকল নৌ-যানের মালিক/মাষ্টার/ড্রাইভারসহ নৌ-অপারেটরদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা/চাঁদপুর-বরিশাল নৌ-পথের মিয়ারচর এলাকায় স্থাপিত ০৩টি স্ফেরিক্যাল বয়ার মধ্যে ০১টি স্ফেরিক্যাল বয়া গত ০২/০৭/২০১৮ইং তারিখ এবং ০১টি ১০ মিঃ টাওয়ারবিকন গত ২৭/০৭/২০১৮ইং তারিখে নদীর পাড় ভাঙ্গন ও নাব্যতা সংকটের কারণে স্থানান্তর করে পুনঃস্থাপন করা হয়েছে। এছাড়া গত ২৮/০৭/২০১৮ইং তারিখে কালিগঞ্জ/উলানিয়া পনটনের ডাউনে ০১টি লাইটেড বয়া (সবুজ বাতিযুক্ত) স্থাপন করা হয়েছে। ঢাকা/চাঁদপুর হতে মিয়ারচর দিয়ে বরিশালগামী সকল নৌ-যানকে উক্ত ৩টি স্ফেরিক্যাল বয়া হাতের ডানে রেখে অত্যন্ত সাবধানতার সহিত চলাচল করার জন্য অনুরোধ করা যাচ্ছে। এছাড়া, ৮ ফুট ড্রাফটের উর্ধ্বের সকল নৌ-যানকে মিয়ারচর চ্যানেল পরিহার করে কালিগঞ্জ/উলানিয়াতে স্থাপিত লাইটেড বয়া (সবুজ বাতিযুক্ত) হাতের ডানে রেখে সাবধানতার সহিত চলাচল করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

- * নিরাপদে গন্তব্যে পৌঁছার জন্য বিআইডব্লিউটিএ'র পাইলট নিয়ে চলাচল করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।
- * দক্ষ/অভিজ্ঞ সনদধারী মাষ্টার দ্বারা নৌ-যান পরিচালনা করুন।
- * পশ্চিম্বে কাল বৈশাখী/স্থানীয় ঝড়ের আশংকা থাকলে নৌ-যান নিরাপদ স্থানে ভিড়িয়ে অপেক্ষা করুন।
- * রাতের বেলায় বিশেষ সতর্কতার সাথে নৌ-যান পরিচালনা করুন।

পরিচালক
নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ
বায়নৌপ-কর্তৃপক্ষ, ঢাকা।